দৈনিক
জনকণ্ঠ

তারিখ 26 SEP 2017
পৃষ্ঠা ১৭ কলাম ৮

# ঢাবিতে 'বাংলাদেশের বইমেলার পথিকৃত : সরদার জয়েনউদ্‌দীন' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশের বইমেলার পথিকৃত : সরদার জয়েনউদ্‌দীন' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উচ্চতর মানববিদ্যা গবেষণা কেন্দ্রে এই সেমিনার অনুষ্ঠিত হয়। মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্ট্রি মফিদুল হকের সভাপতিত্বে সেমিনারে আলোচনায় অংশ নেন বিশ্ববিদ্যালয়ের মুদ্রণ ও প্রকাশনা অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান ড. সুধাংশু শেখর রায় ও বাংলা একাডেমির পরিচালক ড. জালাল আহমেদ। মূল প্রবন্ধে বিভাগের খন্ডকালীন শিক্ষক খান মাহবুব বাংলাদেশে বই মেলার পথিকৃত হিসেবে সরদার জয়েনউদ্‌দীনের যথার্থতার বিস্তারিত উপস্থাপন করেন। প্রবন্ধে পূর্ববঙ্গের ১৯৬৪ সালের প্রথম বইমেলা, ১৯৭০ সালে নারায়ণগঞ্জে অনুষ্ঠিত বই মেলা এবং স্বাধীনতা পরবর্তী সময় ১৯৭২ সালে বাংলা একাডেমিতে আয়োজিত আন্তর্জাতিক গ্রন্থমেলার আয়োজনের মূল উদ্যোক্তা হিসেবে সরদার জয়েনউদ্‌দীনের ভূমিকা তুলে ধরা হয়। ঢাকার বাইরে বিভিন্ন জেলায় বইমেলা অনুষ্ঠানে তার উদ্যোগ ও আয়োজনের কথাও প্রবন্ধে উঠে আসে। সেমিনার সঞ্চালনা করেন উচ্চতর মানববিদ্যা গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. কাজল কৃষ্ণ বন্দ্যোপাধ্যায়। অন্যদের মধ্যে অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক, অধ্যাপক ড. আবদুস সবুর খান, মুদ্রণ ও প্রকাশনা বিভাগসহ শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর